



BCPS

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ Bangladesh College of Physicians & Surgeons

বিসিপিএস নং-৪০৬/২০২৩/ 21446

তারিখঃ ১১-০৯-২০২৩ খ্রিঃ

**ফ্যাকাল্টি অব রেডিওথেরাপি কর্তৃক আয়োজিত এফসিপিএস (রেডিওথেরাপি)
১ম পর্ব পরীক্ষার্থীদের রেডিয়েশন ফিজিক্স কোর্সে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন
এর সময়সীমা বৃদ্ধিকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর এফসিপিএস (রেডিওথেরাপি) ১ম পর্ব পরীক্ষার প্রস্তুতির জন্য ফ্যাকাল্টি অব রেডিওথেরাপি কর্তৃক আয়োজিত অনলাইন ভিত্তিক "রেডিয়েশন ফিজিক্স" কোর্সে ০৮-০৯-২০২৩ খ্রিঃ থেকে ২৭-১০-২০২৩ খ্রিঃ তারিখের পরিবর্তে আগামী ১৮-০৯-২০২৩ খ্রিঃ থেকে ০৬-১১-২০২৩ খ্রিঃ পর্যন্ত (সোম ও শুক্রবার সপ্তাহে ০২ দিন) অনুষ্ঠিত হবে।

উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের জন্য সময়সীমা আগামী ১৭-০৯-২০২৩ খ্রিঃ (রবিবার) পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের নিমিত্ত "সচিব, বিসিপিএস"-এর অনুকূলে ৩,০০০/- (তিন হাজার) টাকা UCBI, অথবা DBI, ব্যাংকে জমা দিয়ে ব্যাংক রশিদ-এর স্ক্যান কপি বিসিপিএস-এর ওয়েবসাইটে আপলোড করে রেজিস্ট্রেশন সম্পন্ন করা যাবে। উল্লেখ্য যে, ব্যাংক রশিদ কলেজের হিসাব বিভাগে জমা দিয়েও আগামী ১৭-০৯-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ২:০০ টা পর্যন্ত সরাসরি রেজিস্ট্রেশন সম্পন্ন করা যাবে।

অংশগ্রহণ করতে ইচ্ছুক ডাক্তারগণকে যথাসময়ে রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বিঃ দ্রঃ উক্ত কোর্সে শুধুমাত্র রেডিওথেরাপি বিষয়ের ডাক্তারগণ রেজিস্ট্রেশন করতে পারবেন।

(অধ্যাপক আবুল বাশার মোঃ জামাল)

সচিব

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)।